গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.১৬.০৩১.২১-৩৬১(১)

তারিখঃ ১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

আইন ও বিচার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার, বিকাল ০৩:০০ ঘটিকায় এ বিভাগের সভাকক্ষে বার্ষিক কর্মসম্পাদনের আওতায় আইন ও বিচার বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নে এ বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় এ বিভাগের সকল কর্মকর্তাগণকে এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থার উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট দুইজন কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ পত্রটি সচিবালয়ের প্রবেশের গেট পাশ হিসেবে গণ্য হবে।

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২ (অঃ)
ই-মেইল: section8.justice@gmail.com

কার্যার্থে বিতরণ (আইন ও বিচার বিভাগ):

১। যুগ্মসচিব (প্রশাসন-১/২/মতামত), আইন ও বিচার বিভাগ।
২। সলিসিটর, সলিসিটর অনুবিভাগ।
৩। উপসচিব/উপসলিসিটর (সকল), আইন ও বিচার বিভাগ।
৪। সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থাঃ

১। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা (উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তা মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা (উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৩। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা (উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা (উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের অনুরোধসহ )।

জ্ঞাতার্থেঃ

১। উপ-সচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রশিক্ষণে আগত কর্মকর্তাদের সচিবালয়ে গাড়িসহ প্রবেশের অনুমতি প্রদানসহ)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩। যুগ্মসচিব (প্রশাসন-১) ও চীফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ।

বিষয়ঃ- ২০২১-২২ অর্থ বছরের ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় আইন ও বিচার বিভাগের ইতোঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবন ধারনা, সহজিকৃত ও ডিজিটাইলজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা।

সভার তারিখ ঃ ২৯/৮/২০২১খ্রিঃ
সময় ঃ ৩.০০ ঘটিকা।
স্থান ঃ সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ
সভাপতি ঃ জনাব বিকাশ কুমার সাহা, যুগ্ম-সচিব (প্রশাসন-১) ও চীফ ইনোভেশন অফিসার, আইন ও বিচার বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ পরিশিষ্ট-ক সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে তার স্বাগত বক্তব্য বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের জন্য কেবিনেট ডিভিশন কর্তৃক প্রণীত ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পূর্বের বছরের চেয়ে ভিন্ন আঙ্গিকে করা হয়েছে। এতে কর্মসম্পাদনের ক্ষেত্র কমিয়ে বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। গত বছর আমাদের বিভাগের অর্জন অত্যন্ত অপ্রতুল ছিল। এ বছর ই-গভন্যান্স ও ইনোভেশন টিমের শতভাগ অর্জন নিশ্চিতকরণের লক্ষ্যে উদ্ভাবনী, ধারনা বাস্তবায়ন, সেবা সহজিকরন ও সেবা ডিজিলাইজেশনসহ অন্যান্য কর্ম পরিকল্পনাসমূহ শতভাগ অর্জনের জন্য সকলের সহযোগিতা কামনা করে বাস্তবায়নের লক্ষ্যে করনীয়। তিনি ইতঃপূর্বে বস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিলাইজকৃত সেবার নতুন অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে করনীয় সমূহ নির্ধারনের জন্য সদস্যগণকে মতামত প্রদানর অনুরোধ করে ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুষ্ঠান পরিচালনার জন্য দায়িত্ব প্রদান করেন।

১। সদস্য সচিব জনাব একরামুল হক শামীম সভার অবগতির জন্য বলেন যে, ২০২০-২০২১ অর্থ বছরে ইনোভেশন পরিকল্পনার আওতায় সেবা ডিজিলাইজেশন ও সহজীকরণের উদ্দেশ্যে বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সংক্রান্ত সেবা ডিজিলাইজেশনকরণ ও সহজিকরনের লক্ষ্যে একটি নতুন ডিজিটাল অ্যাপ উদ্ভাবন করা হয়েছে এবং তা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। এই অ্যাপের ব্যবহার করে ছুটির আবেদন যেমন দাখিল করা যায়, তেমনি নিয়ন্ত্রণাকারী কর্তৃপক্ষ এর মাধ্যমে তা মঞ্জুরপূর্বক ছুটির দায়িত্ব বন্টন ও করতে পারেন এবং দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও তার উপর অর্পিত দায়িত্ব সম্পর্কে অবগত হতে পারেন। এতে সময়, শ্রম যেমন সাশ্রয় হয় তেমনি দ্রুত ছুটি সেবা প্রদান ও নিশ্চিত হয়।

২। তিনি আরও বলেন যে, অত্র বিভাগের অধিনে ইতোমধ্যে মামলার সাক্ষীদের এসএমএস এর মাধ্যমে মামলার তারিখ জানানোর লক্ষ্যে জিআইজেট এর সহযোগিতায় নরসিংদী ও কুমিল্লা জেলায় গৃহিত পাইলট প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে এবং এর অধিনে বৃহৎ প্রকল্প প্রণয়নের বিষযটি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ভুমি নিবন্ধন ও এসি (ল্যান্ড) অফিসের কার্যক্রমের মধ্যে স্বস্বতা, জাবাব দিহিতা নিশ্চিতের লক্ষ্যে উভয় অফিসের মধ্যে সফল ও কার্যকরভাবে তথ্য আদান প্রদান নিশ্চিতের লক্ষ্যে দেশের ১৭টি সাব-রেজিস্ট্রার অফিসে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গৃহিত পাইলট প্রজেক্ট ও সফলভাবে সম্পন্ন হয়েছে। সারাদেশে পূর্ণাঙ্গ প্রকল্প প্রণয়নের কাজ চলমান রয়েছে।

৩। ইনোভেশন টিমের সদস্য জনাব এ,কে,এম, এমদাদুল হক বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে ই-নথির কার্যক্রম চালুর ক্ষেত্রে এ বিভাগ সকল বিভাগের চেয়ে পিছিয়ে রয়েছে। এক্ষেত্রে ই-নথির ব্যবহার বিষয়ে সকল শাখা ও অত্র বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদন ও তাদের ব্যক্তিগত আই ডি ও পাসওয়ার্ড সরবরাহ করে ই-নথির

কাজ দ্রুত শুরু করা উচিত মর্মে তিনি মতামত প্রদান করেন। সভাপতি মহোদয় সকল শাখা ও অনুবিভাগের অপেক্ষাকৃত কর্ম জটিল ফাইলসমূহের কাজ ই-নথির মাধ্যমে শুরু করা যেতে পারে মর্মে মত প্রদান করেন।

৪। রেজিষ্ট্রেশন শাখার উপ-সচিব জনাব সালাউদ্দিন খান বলেন যে, তার শাখা হতে বেশ কিছু সেবা সরাসরি নাগরিকগণ গ্রহণ করে থাকেন। যেমন দলিলাদির সত্যায়ন, কাজী ও নোটারী পাবলিক এই সেবা গুলোর মান উন্নয়ন সহজিকরণ ও কার্যকর সেবা প্রদানের লক্ষ্যে উক্ত সেবা সমূহ ডিজিটাইজ করা আবশ্যক। এতে সেবার মান উন্নয়নের সাথে সাথে বিভাগের ডিজিটাল সক্ষমতা যেমন বাড়বে, নাগরিকদের ই-পার্টিসিপেশনের হারও বৃদ্ধি পাবে। এ সময় সভাপতি মহোদয় তার বক্তব্যে বলেন যে, কাজী ও নোটারী সংক্রান্ত সেবা সহজিকরনের জন্য তাদের ডিজিটাল ডাটাবেস উন্নয়ন করা প্রয়োজন। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের তাগিদ দেন। পর্যায়ক্রমে দলিলাদি সত্যায়ন সেবা ডিজিটালাইজ করে এর শুদ্বতা নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল অ্যাপ উন্নয়ন করার উপর গুরুত্ব আরোপ করেন।

৫। সলিসিটর অনুবিভাগের সিনিয়র সহকারী সচিব আব্দুল্লাহ আল মাসুম বলেন যে, সলিসিটর অনুবিভাগের সেবা গ্রহিতাদের সহজে সময়োপোযোগী মানসম্মত ও দক্ষ সেবা প্রদানের লক্ষ্যে উক্ত অনুবিভাগের কার্যক্রম ডিজিটালাইজড করা অত্যন্ত জরুরী। সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ ও মাঠ প্রশাসনের মামলা সংক্রান্ত তথ্য সংগ্রহ, সরবরাহ, আইনানুগ সময়ের মধ্যে মামলা দায়ের ও এ্যটর্নী জেনারেল অফিসের সাথে অনুবিভাগের মামলার অবারিত তথ্য প্রবাহ নিশ্চিত করণের লক্ষ্যে এই ডিজিটালাইজেশন কার্যক্রম গ্রহণ করা অত্যাবশ্যক বলে ও তিনি অভিমত ব্যক্ত করেন।

৬। সিনিয়র সহকারী সচিব একরামুল হক শামীম বলেন যে, বিভাগের বিদ্যমান Web Portal টি অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের Web Portal এর তুলনা করে Upgrade করা প্রয়োজন। এতে অধিক পরিমান স্ব-প্রমোদিত তথ্য সংযোজন করা প্রয়োজন। একই সাথে বিভাগের অধিন সকল বিচারিক কর্মকর্তার PMI'S হালানাগাদ করার জন্য অ্যাপ ডেভলপ করা প্রয়োজন।

৭। সভাপতি মহোদয় সদস্যগণ কর্তৃক সভায় উপস্থাপিত বক্তব্যসমূহ সমর্থন করে বলেন যে, সরকার কর্তৃক গৃহিত প্রেক্ষিতে ২০৪১, SDG ২০৩০ এর ডেল্টা প্লান ২১০০ বস্তবায়নের লক্ষ্যে বিভাগের অভ্যন্তরীন কার্যক্রমের সহজিকরণ, ডিজিটালাইজেশন ও উদ্ভাবনী ধারনার বাস্তবায়ন না করলে কাংখিত নাগরিক সেবা প্রদান সম্ভব হবে না। তিনি ইতোপূর্বে বাস্তবায়িত ছুটি ব্যবস্থাপনা সংক্রান্ত অ্যাপটি যাতে কার্যকর হয় সে জন্য সকলকে উক্ত অ্যাপ ব্যবহারের মাধ্যমে ছুটি সংক্রান্ত বিষয়াবলী সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিভাগের ওয়েব পোর্টাল Upgrade করা সহ কর্মকর্তাগণের PMI'S হালনাগাদকরণ, রেজিষ্ট্রেশন এবং সলিসিটর অনুবিভাগ হতে প্রদত্ত সেবা সমূহের সহজিকরণ ও ডিজিটাইজেশন ২০২১-২০২২ বছরে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ধারণা গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন।

০৭। সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ-

(ক) বিভাগের কর্মকর্তা কর্মচারীদের ছুটি সংক্রান্ত বিষয়াদি ছুটি অ্যাপের মাধ্যমে কার্যকরভাবে সম্পাদন করতে হবে।

(খ) ই-নথির ব্যবহারে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ই-নথির উপর অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা হবে এবং প্রত্যেক শাখা ও অনুবিভাগের দাপ্তরিক কাজের ৮০% ই-নথির মাধ্যমে সম্পাদনের জন্য সকলকে ইনোভেশন টিমের পক্ষ হতে পত্র প্রেরণ করা হবে।

(গ) রেজিষ্ট্রেশন শাখা হতে প্রদত্ত কাজি/ বিবাহ নিবন্ধক, নোটারী পাবলিক ও সত্যায়ন সংক্রান্ত সেবাসমূহের নাগরিকদের নিকট সহজপ্রাপ্ত করার লক্ষ্যে কাজী ও নোটারী পাবলিকগণের ডিজিটাল তালিকা প্রস্তুত করণ, তাদের নিয়োগ ও নবায়নের কার্যক্রম সহজিকরণ লক্ষ্যে তা ডিজিটাইজ করা এবং অনলাইনের মাধ্যমে সত্যায়ন সংক্রান্ত সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় উদ্ভাবনী ধারনা গ্রহণ, ডিজিটাইজেশন করণ উদ্যোগ গ্রহণের জন্য উপ-সচিব রেজিস্ট্রেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(ঘ) সলিটিরট অনুবিভাগের কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও স্ব-প্রণোদিত তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতে সলিসিটর বিভাগের কাজ সহজিকরণ ও ডিজিটালাইজ করার লক্ষ্যে সলিসিটর অনুবিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(ঙ) উক্তরূপ উদ্ভাবনী ধারনা ও ডিজিটালইজেশন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য অনুষ্ঠিত সভায় স্বস্ব শাখা/ অনুবিভাগ প্রতিবেদন দাখিল করবে।

(চ) উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন ও ডিজিটালাইজেশনের জন্য প্রয়োজনীয় ব্যয় বিভাগ হতে নির্বাহ করা হবে।

৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং অতিমারি মোকাবেলায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/08/22.

বিকাশ কুমার সাহা
যুগ্ম-সচিব (প্রশাসন-১)
ও
চীফ ইনোভেশন অফিসার
ইনোভেশন টিম